কালো কোট-গাউন থেকে মুক্তি পেলেন হাইকোর্টের বিচারক-আইনজীবীরা

করোনা পরিস্থিতিতে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে কালো কোট ও গাউন পরা থেকে মুক্তি পেলেন বিচারক ও আইনজীবীরা। মামলার শুনানির ক্ষেত্রে বিচারপতি এবং আইনজীবীদের কালো কোট ও গাউন ব্যবহার না করার বিষয়ে নির্দেশনা দিয়েছে সুপ্রিম কোর্ট প্রশাসন।

গতকাল মঙ্গলবার রাতে সুপ্রিম কোর্টের রেজিস্টার জেনারেল মো. আলী আকবর স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ নির্দেশনা দেওয়া হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ‘গত ৬ আগস্ট অনুষ্ঠিত ফুলকোর্ট সভার সিদ্ধান্তের আলোকে করোনাভাইরাসের সংক্রমণজনিত বর্তমান পরিস্থিতিতে বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতিরা শারীরিক উপস্থিতিতে এবং ভার্চুয়াল পদ্ধতিতে মামলা শুনানিকালীন ক্ষেত্রমতো টার্নড আপ সাদা কলার ও সাদা ব্যান্ডসহ সাদা শার্ট ও প্যান্ট/শাড়ি বা সালোয়ার কামিজ পরিধান করবেন।’

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, ‘সুপ্রিম কোর্টের আইনজীবীরা শারীরিক উপস্থিতিতে এবং ভার্চুয়াল পদ্ধতিতে মামলা শুনানিকালীন ক্ষেত্রমতো টার্নড আপ সাদা কলার ও সাদা ব্যান্ডসহ সাদা শার্ট ও প্যান্ট/শাড়ি বা সালোয়ার কামিজ পরিধান করবেন।’

সূত্র- বিডি প্রতিদিন

স্বাস্থ্যের সাবেক ডিজি ও পরিচালককে দুদকে জিজ্ঞাসাবাদ

চলছে

করোনাভাইরাসের সংকটের সময়ে মাস্ক-পিপিইসহ নানা অনিয়ম-দুর্নীতির ঘটনায় স্বাস্থ্য অধিদপ্তরের সাবেক মহাপরিচালক (ডিজি) আবুল কালাম আজাদ ও সাবেক পরিচালক (ওএসডি) ডা. মো. আমিনুল হাসানকে জিজ্ঞাসাবাদ করছে দুদক।

দুদক পরিচালক মীর মো. জয়নুল আবেদীন শিবলীর নেতৃত্বে একটি দল তাদের জিজ্ঞাসাবাদ করছেন। দলের অন্য সদস্যরা হলেন দুদকের উপ-পরিচালক নুরুল হুদা, সহকারী পরিচালক মো. সাইদুজ্জামান ও আতাউর রহমান।

জানা যায়, নিম্নমানের মাস্ক, পিপিই ও অন্যান্য স্বাস্থ্য সরঞ্জাম কেনাকাটায় দুর্নীতির অভিযোগ রয়েছে তাদের বিরুদ্ধে। এছাড়াও রিজেন্ট হাসপাতালের সঙ্গে করোনার নমুনা সংগ্রহ ও চিকিৎসার বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের চুক্তির প্রসঙ্গেও তাদের জিজ্ঞাসাবাদ করা হবে।

এর আগে গত ২১ জুলাই নানা অনিয়ম ও বিতর্কের মুখে পদত্যাগ করেন স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক (ডিজি) অধ্যাপক ডা. আবুল কালাম আজাদ।

সূত্র- বিডি প্রতিদিন

এইচএসসি পরীক্ষা; ‘জেড’ আকৃতিতে বসবে শিক্ষার্থীরা!

স্বাস্থ্যবিধি মেনে এইচএসসি ও সমমানের পরীক্ষা নেওয়ার প্রস্তুতি নিচ্ছে আন্ত শিক্ষা বোর্ড সমন্বয় সাবকমিটি। সেক্ষেত্রে পরীক্ষার কেন্দ্রে ‘জেড’ আকৃতিতে শিক্ষার্থীদের বসানোর পরিকল্পনা করা হয়েছে।

সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, ‘জেড’ আকৃতিতে একটি কক্ষে প্রথম

বেঞ্চে দুজন শিক্ষার্থী বসলে দ্বিতীয় বেঞ্চে বসবে একজন। এর পরের বেঞ্চে আবার বসবে দুজন। এভাবে একজন শিক্ষার্থী থেকে আরেকজন শিক্ষার্থীর তিন ফুট দূরত্ব নিশ্চিত করা হবে। প্রয়োজনে বেঞ্চগুলো আগের চেয়ে দূরে দূরে বসানো হবে। এভাবে শিক্ষার্থীদের বসালে কতগুলো কেন্দ্রের প্রয়োজন হতে পারে, সে বিষয়ে মাঠ পর্যায় থেকে তথ্য সংগ্রহ করা হচ্ছে। উপজেলা নির্বাহী কর্মকর্তারা (ইউএনও) স্থানীয় শিক্ষকদের নিয়ে এ ব্যাপারে কাজ করছেন।

চলতি বছরের ১ এপ্রিল এইচএসসি ও সমমানের পরীক্ষায় বসার কথা ছিল প্রায় ১৩ লাখ শিক্ষার্থীর। কিন্তু করোনার কারণে এ পরীক্ষাসূচি স্থগিত করতে বাধ্য হয় শিক্ষা মন্ত্রণালয়। সবশেষ স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা আয়োজনের এই চিন্তা-ভাবনা চলছে।

ঢাকা শিক্ষা বোর্ডের সচিব অধ্যাপক তপন কুমার সরকার গণমাধ্যমকে বলেন, ‘অনেক দিন ধরে এইচএসসি পরীক্ষা স্থগিত রয়েছে। এ জন্য আমরা বিকল্প পদ্ধতিতে কিভাবে পরীক্ষা নেওয়া যায় সেই পরিকল্পনা করছি। তিন ফুট দূরত্ব নির্ধারণ করে শিক্ষার্থীদের বসালে কতগুলো কেন্দ্র বা উপকেন্দ্রের প্রয়োজন হতে পারে সে ব্যাপারে বিস্তারিত তথ্য চাওয়া হয়েছে। এগুলো পাওয়ার পর শিগগিরই এসংক্রান্ত প্রস্তাব আমরা শিক্ষা মন্ত্রণালয়ে পাঠাব। তারা স্বাস্থ্য মন্ত্রণালয়ের সঙ্গে আলোচনা করে পরীক্ষার তারিখ নির্ধারণ করবে।’

আন্ত শিক্ষা বোর্ড সূত্র জানায়, এবারের এইচএসসি ও সমমানের পরীক্ষার্থীদের প্রায় আড়াই হাজার কেন্দ্রে পরীক্ষায় বসার কথা ছিল। তবে প্রতিটি কেন্দ্রে ‘জেড’ আকৃতিতে শিক্ষার্থীদের বসিয়ে বেঞ্চগুলোর দূরত্ব বাড়ালে সাত-আট হাজার প্রতিষ্ঠানের প্রয়োজন হতে পারে।
যেহেতু দেশে এত সংখ্যক কলেজ নেই, তাই কেন্দ্রের সংখ্যা ঠিক রেখে এর অধীনে তিন-চারটি করে উপকেন্দ্র করা হবে। সে ক্ষেত্রে কেন্দ্রের আশপাশের স্কুলকেও উপকেন্দ্র হিসেবে ঘোষণা করা হতে পারে।

সূত্র- বিডি প্রতিদিন

[redacted]

[redacted] (2) [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]!

[redacted]

[redacted]?

ছাড়েন? আলমডাঙ্গার মানুষ দেখেও কেন না দেখার ভান করে থাকেন? এরকম অনেক প্রশ্ন মানুষের মাথায় মাথায় ঘুরছে। কিন্ত এক অদৃশ্য শক্তির কারণে এর ঠিক উত্তর কেউ খুঁজে পাচ্ছে না।

সাব-রেজিস্ট্রার মামুন বাবরের শক্তির উৎস কোথায় তা কেউ ঠিক মত না জানলেও তার অবৈধ আয়ের কয়েকটি খাত উল্লেখ করেছেন ভুক্তভোগীরা। সূত্র থেকে জানা গেছে, বৃহৎ আলমডাঙ্গা উপজেলার সাব-রেজিস্ট্রি কার্যালয়ে সপ্তাহের তিনদিনে কমপক্ষে তিন‘শ দলিল রেজিস্ট্রি হয়ে থাকে। এরমধ্যে খারিজবিহীন প্রতি দলিল রেজিস্ট্রি করতে তিনি নেন ৬ হাজার টাকা। আবার খারিজবিহীন এই দলিলে অন্য দলিলের রেফারেন্স এলে তার প্রতি দলিল বাবদ দেওয়া লাগে আরো ৬ হাজার টাকা করে। খারিজবিহীন একটি দলিলে যদি আরো অন্য চারটি দলিলের রেফারেন্স আসে তাহলে তাকে দেওয়া লাগে ৩০ হাজার টাকা।

এছাড়া, সার্টিফাইড রেকর্ড বাদে প্রতি দলিলে তাকে দেওয়া লাগে ১ হাজার করে টাকা। সূত্র মতে, দিনের বেশীরভাগ দলিলই সার্টিফাইড রেকর্ড বাদে রেজিস্ট্রি হয়ে থাকে। অনেক দলিল রেজিস্ট্রি হয় খাজনা রশিদ বাদে। এই দলিলেও দেওয়া লাগে ১ হাজার করে টাকা।

এছাড়া, প্রায় প্রতিদিনই বাড়ির দামি জমিকে ধানি জমি দেখিয়ে কম মূল্যের দলিলে রেজিস্ট্রি করা হয়ে থাকে। আর এ ধরনের দলিলে তাকে দেওয়া লাগে মোটা অংকের উৎকোচ। সবেচেয়ে ভয়ংকর পন্থায় টাকা আদায় করেন লেট ফি নামক একটি খাতে। তিনি সকালের অফিসে আসেন বিকেলে। অথচ লেট ফি দিতে হয় দলিল লেখকদের। প্রতি দলিলে তিনি লেট ফি আদায় করেন ১শ টাকা করে।

সূত্র মতে এ ধরনের বিভিন্ন খাতের টাকা সন্ধ্যা ঘনিয়ে আসার সাথে সাথে টাকার ভারে ভারী হয়ে যায় ব্যাগ। তবে সাব-রেজিস্ট্রার মামুন বাবর কারো হাত থেকে সরাসরি টাকা নেন না। টাকা হাতিয়ে নিয়ে ব্যাগ ভরে দেয় অফিসের একজন তার নাম বুলবুল। সাব-রেজিস্ট্রারের বিদায় বেলা এক স্যালুটে বুলবুলের পকেটও ভরে যায় টাকায়।

এসব কথা ছড়িয়ে বেড়ায় আলমডাঙ্গার আকাশে-বাতাসে। ঠিক এমন অবস্থায় টনক নড়েছে উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের। সময় মত অফিসে না আসা, দুর্নীতিতে ডুবে থাকা ও চরম স্বেচ্ছাচারিতার অভিযোগে সাব-রেজিস্টার মামুন বাবরকে আল্টিমেটাম দিয়েছেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন ও উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী। সময় মত অফিসে না এলে প্রয়োজনে সাব-

রেজিস্ট্রি কার্যালয়ে ঢোকার সব পথ বন্ধ করে দেওয়ারও হুমকি দেওয়া হয়। সোমবার বিকেল পর্যন্ত মামুন বাবর অফিসে না আসায় উপজেলার সর্বোচ্চ এই দুই কর্মকর্তা সাব-রেজিস্ট্রি কার্যালয়ের সামনে অবস্থান নেন।

সাব রেজিস্ট্রার মামুন বাবর সোমবার দিনভর অফিসে আসেননি এই সংবাদ পেয়ে দুপুরের পর থেকে উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন ও উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী সাব রেজিস্ট্রি কার্যালয়ের সামনে অবস্থান নেন। অফিস থেকে কেউ একজন মামুন বাবরকে বিষয়টি গোপনে জানিয়ে দেন। ভয়ে তিনি আলমডাঙ্গায় কারো বাড়িতে আত্মগোপনে থাকেন। বিকেল সাড়ে ৫ টার দিকে উপজেলা চেয়ারম্যান ও নির্বাহী অফিসার এলাকা ছাড়লে ৫ টা ৫০ মিনিটে মামুন বাবর অফিসে ঢোকেন।

এ সময় উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার পুনরায় সাব-রেজিস্ট্রি কার্যালয়ে প্রবেশ করেন। তাঁরা দু‘জনে মামুন বাবরকে সরকারি নিয়মে অফিস করতে আল্টিমেটাম দেন।

জানা গেছে, ঝিনাইদহ জেলার শৈলকূপার বাসিন্দা মামুন বাবর আলমডাঙ্গায় সাব-রেজিস্ট্রার হিসেবে কর্মরত রয়েছেন বেশ কয়েক বছর ধরে। তিনি সপ্তাহে তিনদিন প্রতি সোমবার, মঙ্গলবার ও বুধবার ঝিনাইদহ থেকে আলমডাঙ্গায় এসে দায়িত্ব পালন করেন।

সূত্র জানায়, সাব-রেজিস্টার মামুন বাবরের অফিসে আসার কোন ঠিক-ঠিকানা নেই। তিনি কোন কোন দিন আসেন দুপুরে আবার কোন কোন দিন আসেন বিকেলে। এ নিয়ে প্রশ্ন তুললে তিনি ক্ষমতার অপব্যবহার করেন। তার স্বেচ্ছাচারিতার কাছে অফিসের বেশীরভাগ কর্মকর্তা-কর্মচারী অসহায় হয়ে থাকেন। হাতে গোনা কয়েকজনকে সাথে নিয়ে তিনি দলিল লেখকদের ওপর রীতিমত স্টিমরোলার চালান।

সূত্র জানায়, বছর দুয়েক আগে চরম স্বেচ্চাচারিতা ও দুর্নীতির বিরুদ্ধে দাড়িয়ে দলিল লেখকরা মামুন বাবরের অপসারনের দাবিতে একটি আন্দোলন গড়ে তুলেছিলেন। এতে অচালাবস্থা দেখা দেয় সাব রেজিস্ট্রি অফিসে। কিন্ত মামুন বাবরের ক্ষমতার হাত দীর্ঘ হওয়ায় তাকে কেউ টলাতে পারেনি। তিনি জেকে বসেন অফিসে।

এরপর থেকে তার স্বেচ্ছাচারিতা শতগুণ বেড়ে যায়। তিনি অফিসের কয়েকজন অনুগতকে সাথে নিয়ে বিরাগভাজনদের ওপর স্টিমরোলার চালাতে থাকেন। কোনদিন অফিসে আসেন আবার কোনদিন অফিসে আসেন না। গ্রাম থেকে আসা শত শত নারী-পুরুষ দিনভর অপেক্ষা করে করে শেষ পর্যন্ত

বাড়ি ফিরে যান। তিনি কারও কাছে জবাবদিহি করতে রাজি নন। মামুন বাবরের স্বেচ্ছাচারিতা নিয়ে শহরময় আলোচনা হতে থাকে। মামুন বাবরের অদৃশ্য শক্তির কাছে সবাই নত স্বীকার করতে থাকে। দিনের পর দিন চলতে থাকে এভাবেই।

এ ব্যাপারে উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন বলেন, সাব-রেজিস্ট্রার মামুন বাবরের যত ক্ষমতা থাকে খাকুক। তাকে সরকারি নিয়ম মেনে অফিসে আসতে হবে। না এলে তার বিরুদ্ধে সব ধরনের ব্যবস্থা নেওয়া হবে। প্রয়োজনে তার জন্য উপজেলার গেইট বন্ধ করে দেওয়া হবে।
উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী বলেন, সময় মত অফিসে না এলে আইনানুযায়ী সাব-রেজিস্ট্রার মামুন বাবরের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

এ ব্যাপারে সাব-রেজিস্ট্রার মামুন বাবরের মোবাইলে একাধিকবার ফোন করলেও তিনি মোবাইল রিসিভ করেননি।

কোটচাঁদপুরে কারেন্ট জাল জব্দ ও জরিমানা

ঝিনাইদহের কোটচাঁদপুরে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে ৩’শ মিটার অবৈধ কারেন্ট জাল জব্দ ও জরিমানা আদায় করা হয়েছে। এ সময় জব্দকৃত জালগুলো জনসম্মুখে আগুনে জ্বালিয়ে দেওয়া হয়। মঙ্গলবার (১১ আগষ্ট) বিকালে উপজেলা প্রশাসন ও মৎস্য বিভাগের যৌথ অভিযানে শহরের বিভিন্ন দোকানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

এ সময় বলুহর বাসস্ট্যান্ড এলাকার শ্রী রতন হালদার এর দোকানে অভিযান পরিচালনা করে ২৫ পিচ (৩’শ মিটার) অবৈধ কারেন্ট জাল জব্দ করা হয়। পরে মৎস্য রক্ষা ও সংরক্ষণ ১৯৫০ আইনের ৫(১)ধারায় ২ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযান পরিচালনা করেন, নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন। এ সময় তিনি জানান, সরকারি আইন লংঘন

করে কিছু অসাধু ব্যক্তি অবৈধ কারেন্ট জাল ব্যবহার করে উপজেলার বিভিন্ন নদীনালা,খাল-বিল ও জলাশয়ে জাটকা, ডিমওয়ালা পোনা মাছ ধরে বিক্রি করছে। এতে এসব মাছসহ অন্যান্য জলজ প্রাণীর অকাল মৃত্যুতে জীববৈচিত্র হুমকির মুখে পড়ছে।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, সহকারি সার্টিফিকেট আল-মামুন সহ থানা পুলিশের একটি টিম। এ প্রসঙ্গে মৎস্য কর্মকর্তা বলেন, নিষিদ্ধ মাছ ধরার কারেন্ট জাল জব্দ অভিযান অব্যহত থাকবে।

মেয়ের বাবাকে কুপিয়ে আহত করার ঘটনায় মামলা

মেহেরপুরের গাংনীর রামনগর গ্রামে মেয়ের যৌন নির্যাতন চেষ্টার বিচার চেয়ে আদালতে মামলা করায় পিতাকে কুপিয়ে আহত করার ঘটনায় মামলা দায়ের করা হয়েছে।

সোমবার আহত আব্দুল মান্নান বাদী হয়ে ৮ জনের বিরুদ্ধে মামলাটি দায়ের করেন। মামলায় এ পর্যন্ত কেউ আটক হয়নি। মামলার আসামিরা হলেন, নজরুল ইসলামের ছেলে শাহাবুল ইসলাম, আরমান আলীর ছেলে ওয়াসিম আলী, রেজাউল হাকের ছেলো রানা, রুবেল হোসেন, নজরুল ইসলামের ছেলে রকিবুল ইসলাম, গোলাম নবীর ছেলে রুবেল হোসেন, সমসের আলীর ছেলে সাদ আলী ও হকাজ্জেলের ছেলে তরিকুল ইসলাম।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো: ওবাইদুর রহমান জানান,আব্দুল মান্নান বাদী হয়ে দণ্ডবিধির ১৪৩/৩৪১/২৩২/৩২৫/৩২৬/৩০৭/৩৭৯/৫০৬/১১৪ ধারা মোতাবেক গাংনী থানায় একটি মামলা দায়ের করেছে যার নং ১২ তাং ১০.০৮.২০২০ ইং।

মামলার তদন্তকারী কর্মকর্তা এস আই আব্দুল হান্নান জানান,মামলার আসামিদের গ্রেফতারের চেষ্টা চলছে। মামলাটি তদন্ত চলছে দ্রত সময়ের মধ্যে আদালতে প্রতিবেদন দাখিল করা হবে।

মামলার বাদী আব্দুল মান্নান জানান, গত ১লা আগষ্ট রাতে রামনগর গ্রামের ফরমান আলীর ছেলে পল্লী চিকিৎসক সেলিম আমার মেয়ের ঘরে প্রবেশ করে মুখ চেপে ধরে জোর পূর্বক ধর্ষণের চেষ্টা করে। এ সময় মেয়ে চিৎকার করলে প্রতিবেশিদের সহায়তায় সেলিমকে ঘরের মধ্যে আটকিয়ে রাখা হয়। পরে তাকে জোর পূর্বক ছাড়িয়ে নেয়া হয়।

এ ঘটনায় যৌন নির্যাতন চেষ্টার বিচার পেতে গত ৬ আগষ্ট বৃহস্পতিবার মেহেরপুর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে ধর্ষন চেষ্টার অভিযোগে রামনগর গ্রামের ফরমান আলীর ছেলে পল্লী চিকিৎসক সেলিমের বিরুদ্ধে মামলা দায়ের করি। মামলা দায়ের করায় ক্ষিপ্ত হয়ে ৭ আগষ্ট শুক্রবার সন্ধ্যায় সাড়ে ৬ টায় রামনগর বাজারে গেলে লম্পট সেলিমের সহযোগীরা ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে আহত করে।

হামলাকারীরা প্রভাবশালী হওয়ার কারনে আবারো হামলা হতে পারে এমন আশংখা প্রকাশ করে পরিবারের নিরাপত্তা চেয়ে হামলাকারীদের বিচার দাবি করেন তিনি। এ বিষয়ে কথা বক্তব্য জানতে পল্লী চিকিৎসক সেলিমের ব্যবহৃত মোবাইল ফোনে কল দিলে বন্ধ পাওয়া যায়।

মেহেরপুরে জন্মাষ্টমী উদ্যাপন

ভগবান শ্রী কৃষ্ণের ৫২৪৬ তম আর্বিভাব উপলক্ষে মেহেরপুরের বিভিন্ন মন্দিরে উদ্যাপিত হলো শুভ জন্মাষ্টমী। হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট ধর্ম বিষয়ক মন্ত্রনালয় মেহেরপুর জেলা শাখার উদ্যোগে জন্মাষ্টমী উপলক্ষে আলোচনা, প্রার্থনা ও মহাপ্রসাদ বিতরণ অনুষ্ঠান হয়।

মেহেরপুর শহরের শ্রী শ্রী সিদ্ধেশরী কালি মন্দির, হরিজন পল্লীর রাঁধাগবিন্দ মন্দির, বকুলতলা হালদার পাড়া মন্দিরসহ জেলার ১০টি মন্দিরে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন, পাবলিক প্রসিকিউটার পল্লব ভট্টাচার্য, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট মেহেরপুর জেলা শাখার ফিল্ড সুপারভাইজার হ্যাপি সাহা, কম্পিউটার অপারেটর হুমায়ন রশিদ, শ্রী

শ্রী সিদ্ধেশরী কালি মন্দিরের গন শিক্ষা কার্যক্রম এর শিক্ষিকা বন্যাদত্ত, হরিজন পল্লীর রাঁধাগবিন্দ মন্দিরের লিপিকা দে, বকুলতলা হালদার পাড়া মন্দিরের সুমনা সরকারসহ গান শিক্ষার অন্যান্য শিক্ষিকা।

সবার আগে বাংলাদেশে করোনার ভ্যাকসিন পাওয়া সরকারের মূল লক্ষ্য

সবার আগে বাংলাদেশ যেন করোনাভাইরাসের ভ্যাকসিন পায় সেজন্য সরকার কাজ করছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। সোমবার (১০ আগস্ট) সকালে সচিবালয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে করোনার ভ্যাকসিন সংক্রান্ত অনলাইন মতবিনিময় সভায় যুক্ত হয়ে তিনি এ কথা জানান।

প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী ভ্যাকসিনসংশ্লিষ্ট বৈজ্ঞানিক কর্মকর্তাদের বলেন, ‌’বিশ্বের ২০০টিরও বেশি কোম্পানি করোনার ভ্যাকসিন আবিষ্কারে কাজ করে যাচ্ছে। এর মধ্যে ১৪১টি কোম্পানি প্রাথমিক পর্যায়ে কাজ করছে এবং ২৫টি কোম্পানি মানবদেহে ভ্যাকসিনের পরীক্ষা করছে।

এসব কোম্পানির ভ্যাকসিনগুলোর গুণাগুণ বিশ্লেষণ করে বাজারজাতের প্রথম পর্যায়ে এবং সবার আগে যেন বাংলাদেশ পায়, সেটি নিশ্চিত করাই হবে সরকারের মূল লক্ষ্য।’

সভায় প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও করোনাসংশ্লিষ্ট স্বাস্থ্য কর্মকর্তাদের কাছে ভ্যাকসিন সংক্রান্ত সর্বশেষ তথ্য জানেন স্বাস্থ্যমন্ত্রী।
দেশে সবার আগে ভ্যাকসিন আনার ব্যাপারে করণীয় সম্পর্কে নতুন তথ্য জানাতে সভায় উপস্থিত স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক ও ঔষধ প্রশাসন অধিদফতরের মহাপরিচালককে নির্দেশনা দেন তিনি।

স্বাস্থ্যসেবা বিভাগের সচিব মো. আবদুল মান্নানের সভাপতিত্বে সভায় আরও উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল বাসার মোহাম্মদ খুরশীদ আলম, ঔষধ প্রশাসন অধিদফতরের মহাপরিচালক মেজর জেনারেল মো. মাহবুবুর রহমান প্রমুখ।

সূত্র- বিডি প্রতিদিন

মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে সেলাই মেশিন বিতরণ

মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে ১৮ হতদরিদ্র পরিবারের মাঝে সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।

রবিবার দুপুরে মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসূলের সভাপতিত্বে জেলা পরিষদের মিলনায়তনে এই অনুষ্ঠান পরিচালিত হয়।

এ সময় তিনি বলেন করোনা মুহুর্তেও বাংলাদেশ সরকারের এডিভি কতৃক আয়োজিত হতদরিদ্রদের মাঝে সেলাই মেশিন বিতরণ চলছে। স্বামী পরিত্যক্ত, কাজ করে না, অথবা স্বামী নেশাগ্রস্ত থাকে তারা কিন্তু এই সেলাই মেশিন নিয়ে কাজ করে খেতে পারবে।

এ সময় আরও উপস্থিত ছিলেন জেলা পরিষদের সদস্য আব্দুল কুদ্দুস, ইমতিয়াজ হোসেন মিরন, উপ সহকারী প্রকৌশলী সুবল চন্দ্র মন্ডল, উচ্চমান অফিস সহকারি জাহিদ ইকবাল, অফিস সহকারি শাহীন ইকবাল প্রমুখ।